

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৩০০

৮. পবিত্ৰতা অৰ্জন (كتَابُ الطَّهَارَة)

পরিচ্ছেদঃ পানি না পাওয়া গেলে যে তায়াম্মুম করে সালাত আদায় করা যায়, সেই তায়াম্মুমের বিবরণ

ذِكْنُ وَصنْفِ التَّيَمُّمِ الَّذِي يَجُونُ أَدَاءُ الصَّلَاةِ بِهِ عِنْدَ إِعْوَازِ الْمَاءِ

আরবী

1300 _ أَخْبَرَنَا أَبُو يَعْلَى قَالَ: حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ الْمِنْهَالِ الضَّرِيرُ قَالَ: حَدَّثَنَا يَزِيدُ بْنُ بْنُ الْمِنْهَالِ الضَّرِيرُ قَالَ: حَدَّثَنَا سَعِيدُ بْنُ أَبِي عَرُوبَةَ عَنْ قَتَادَةَ عَنْ عَزْرَةَ عَنْ سَعِيدِ بْنِ عَبْدِ الرَّحْمَنِ بْنِ قَالَ: حَدَّثَنَا سَعِيدُ بْنِ عَبْدِ الرَّحْمَنِ بْنِ أَبْزَى عَنْ أَبِيهِ عَنْ عَمَّارِ بْنِ يَاسِرٍ قَالَ: سَأَلْتُ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَنِ التَّيَمُّمِ فَلَيْهِ وَسَلَّمَ عَنِ التَّيمُ مِن فَأَمَرَنِي بِالْوَجْهِ وَالْكَفَيْنِ ضربة واحدة وكان قتادة به يفتي.

الراوي: عَمَّار بْن يَاسِرٍ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر:

التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1300 ا خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

১৩০০. আম্মার বিন ইয়াসির রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে জিজ্ঞেস করলাম তায়াম্মুম সম্পর্কে, অতঃপর তিনি আমাকে হাত মাটিতে একবার মেরে তা দ্বারা মুখ ও দুই হাতের কব্জি পর্যন্ত মাসেহ করার নির্দেশ দিলেন। আর কাতাদা রাদ্বিয়াল্লাহু আনহুও অনুরুপ ফাতাওয়া দিতেন।"[1]

ফুটনোট

[1] সহীহ ইবনু খুযাইমাহ: ২৬৭; আবূ দাউদ: ৩২৭; তিরমিযী: ১৪৪; দারাকুতনী: ১/১৮২; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ১/১৫৯; তাহাবী, শারহু মা'আনিল আসার: ১/১১২; সুনান বাইহাকী: ১/২১০; ইবনুল জারুদ, আল মুনতাকা: ১২৬।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রাহিমাহুল্লাহ হাদীসটিকে মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা



নাসিরুদ্দিন রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন (সহীহ আবূ দাউদ: ৩৫১।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আম্মার ইবনু ইয়াসির (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন